

অধ্যক্ষের কার্যালয়

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, অফিস : ০২৪১১০২০৬

Website : <http://www.mbgc.gov.bd> / e-mail : mbgovtcollege@yahoo.com

<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

তারিখ : ২৩/১২/২০২১খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির কার্যক্রম আগামী ০৪.০১.২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতীত চলবে।

ক) মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগামী ০৩/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ২ কপি আবেদনপত্র (একটি কলেজ কপি, একটি শিক্ষার্থী কপি) সংগ্রহ করে মৌলভীবাজার সরকারি কলেজের মোবাইল ব্যাংকিং অপারেটর 'নগদ' এর বিলার আইডি (1172- MOULVIBAZAR GOVT COLLEGE IMPROVEMENT) ব্যবহার করে ইমপ্রোভমেন্ট সিলেক্ট করে শিক্ষার্থীর নাম, স্নাতক (পাস) শ্রেণির আবেদন কপিতে প্রাপ্ত রোল নম্বর, বিভাগ (বিএ/বিবিএস/বিএসএস/বিএসসি), মোবাইল নম্বর, ধর্ম সিলেক্ট করে নিম্নে উল্লিখিত ফি প্রদান শেষে ('নগদ' এর ফি জমা দেয়ার কনফারমেশন আইডি প্রিন্ট কপির কলেজ অংশের উপরে স্পষ্ট করে লিখতে হবে) কলেজের তথ্য কেন্দ্রে জমা দিতে হবে।

খ) আবেদনপত্রের উভয় কপির বিপরীত পৃষ্ঠায় নিম্নোক্ত ছক অনুযায়ী তিনটি নৈর্বাচনিক বিষয়ের নাম উল্লেখ করতে হবে।

স্নাতক (পাস) কোর্সের আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ :

কোর্সের নাম	আবশ্যিক বিষয় সমূহ	নৈর্বাচনিক বিষয় সমূহ	মন্তব্য
বি.এ	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : ইতিহাস/ইসলামের ইতিহাস খ গুচ্ছ : দর্শন গ গুচ্ছ : অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান	যেকোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে। কোন এক গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।
বি.এস.এস	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান খ গুচ্ছ : ইতিহাস/ইসলামের ইতিহাস/দর্শন	ক গুচ্ছ থেকে দুইটি এবং খ গুচ্ছ থেকে যেকোন একটি বিষয় মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।
বি.এসসি	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : পদার্থবিজ্ঞান, গণিত খ গুচ্ছ : রসায়ন/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা গ গুচ্ছ : উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ঘ গুচ্ছ : রসায়ন/গণিত/পদার্থবিদ্যা	ক গুচ্ছ থেকে দুইটিসহ খ গুচ্ছ থেকে একটি অথবা গ গুচ্ছ থেকে দুইটিসহ ঘ গুচ্ছ থেকে একটি করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে।
বি.বি.এস	বাংলা, ইংরেজি, বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	ক গুচ্ছ : ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান খ গুচ্ছ : অর্থনীতি	ক গুচ্ছ থেকে দুইটি এবং খ গুচ্ছের একটিসহ উল্লিখিত তিনটি বিষয় নির্বাচন করতে হবে।

গ) ভর্তি ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রসহ ইতিহাস বিভাগে ভর্তি কমিটির নিকট জমা দেয়ার নির্দেশ প্রদান করা হলো।

কাগজপত্র সমূহ নিম্নরূপ :-

- আবেদনপত্র দুই কপি (১টি কলেজ কপি ও ১টি শিক্ষার্থী কপি)।
- প্রাথমিক আবেদনের স্টুডেন্ট কপির ফটোকপি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- কলেজ কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ছক পূরণপূর্বক স্ট্যাম্প সাইজের ছবি নির্দিষ্ট স্থানে আইকা দ্বারা লাগাতে হবে।
- পাসপোর্ট সাইজের ছবি ২ কপি ও স্ট্যাম্প সাইজের ২ কপি ছবি।
- ১২ X ৯ ইঞ্চি সাইজের সাদা খাম (খামের উপরে রোল, বিভাগ, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে)।

ভর্তির জন্য প্রদেয় :

ক) বিএ/বিএসএস/বিবিএস (পাস)


১) মুসলিম ছাত্র-ছাত্রীর জন্য২১৮৫+৪৮৫+৩৩০=৩০০০/-

২) হিন্দু ছাত্র-ছাত্রীদের জন্য২১৫৫+৪৮৫+৩৩০=২৯৭০/-

খ) বি.এসসি (পাস)

১) মুসলিম ছাত্র-ছাত্রীর জন্য২২৮৫+৪৮৫+৩৩০=৩১০০/-

২) হিন্দু ছাত্র-ছাত্রীদের জন্য২২৫৫+৪৮৫+৩৩০=৩০৭০/-


 ২৩/১২/২০২১

(প্রফেসর ড. মোঃ ফজলুল আলী)

অধ্যক্ষ

মৌলভীবাজার সরকারি কলেজ

মৌলভীবাজার।



(বিস্মু পদ রায় চৌধুরী)

সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ

ও আহবায়ক

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (পাস)

১ম বর্ষ ভর্তি কমিটি